# [illegible]

[illegible] Voice of Jhenaidah [illegible]

[illegible]

[illegible], [illegible], [illegible], [illegible]

[illegible] Voice of Jhenaidah [illegible]

[illegible]

[illegible], [illegible]- [illegible] [illegible]/[illegible]/[illegible]

[illegible]

[illegible]

ঝিনাইদহে গাঁজা গাছসহ ১ জন গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডু থানার হিঙ্গারপাড়া এলাকা থেকে সতেজ গাঁজা গাছসহ ১ জনকে গ্রেফতার করেছে র্যাব।

সোমবার র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, গত ২৭ মার্চ রাত ৯ টার দিকে র্যাব-৬ এর একটি চৌকস দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানার হিঙ্গারপাড়া এলাকায় কতিপয় ব্যক্তি গাঁজার গাছসহ নিজ ফসলের জমিতে অবস্থান করছে।

উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি হিঙ্গারপাড়া গ্রামের মোক্তার হোসেনের নিকট লিজ নেওয়া জমিতে চাষকৃত সবজি ক্ষেতের ভিতরে লাগানো সতেজ গাঁজা গাছসহ একই গ্রামের মৃত আবু তালেব মন্ডলের ছেলে আবুল হোসেন মন্ডল (৫০) কে গ্রেপ্তার করে।

এ সময় র্যাব আসামীর হেফাজত হতে ৩ কেজি একশ ৪০ গ্রাম সতেজ গাঁজা গাছ উদ্ধার করে । জব্দকৃত গাঁজা গাছা ও অন্যান্য আলামতসহ গ্রেফতারকৃত আসামীকে হরিনাকুন্ডু থানায় হস্তান্তর করে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

কোটচাঁদপুরে শিক্ষা অফিসারের স্ত্রী সহঃ শিক্ষিকার বিরুদ্ধে শিক্ষার্থীকে মারপিটের অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহঃ শিক্ষিকা নন্দিতা রানীর বিরুদ্ধে ৫ম শ্রেণীর

শিক্ষার্থী সুমাইয়া খাতুন (১০) নামে এক শিক্ষার্থীকে মারপিটের অভিযোগ উঠেছে। অভিযুক্ত শিক্ষিকা একই উপজেলার সহকারি শিক্ষা অফিসার বলরাম সাহার স্ত্রী।

গত ২০ মার্চ রবিবার উপজেলার কুশনা ইউনিয়নের গালিমপুর গ্রামের আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। এতে ওই শিক্ষার্থী অসুস্থ্য হয়ে পড়লে এ ঘটনার সুষ্ট বিচার চেয়ে মেয়েকে নিয়ে দারে দারে ঘুরছেন নির্যাতিতা ওই শিক্ষার্থীর দিন মজুর মা জেসমিন খাতুন।

তিনি অভিযোগ করে বলেন, ২০ মার্চ রোববার আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর শিক্ষার্থী সুমাইয়া খাতুন প্রতিদিনের ন্যায় বিদ্যালয়ে যায়। ঘটনার দিন বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ের শিক্ষিকা নন্দিতা রাণী তার পুত্র সন্তানকে নিয়ে ক্লাসের কার্যক্রম চালাচ্ছিল। ছেলে বিরক্ত করার এক পর্যায়ে তিনি রাগান্বিত হয়ে পড়েন। এবং পড়া না পারার অযুহাতে আমার কন্যাকে বেদম প্রহার করেন।

এসময় সে অচেতন হয়ে পড়লে সহপাঠি সহ অন্যান্য শিক্ষিকারা ছুটে আসেন। সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। পরবর্তিতে আমার মেয়েকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকের নিকট নিয়ে যায়। বর্তমানে আমার মেয়ে ব্যাথা ও জ্বরে ভুগছে। জেসমিন খাতুন জানান, আমি গরিব হওয়ায় ধার দেনা করে আমার মেয়ের চিকিৎসা করেছি। এরই মধ্যে ২ হাজারের বেশি টাকা খরচ হয়ে গেছে। পরবর্তিতে আমি ওই শিক্ষিকার নিকট আমার মেয়ের চিকিৎসার খরচের বিষয়ে বলতে গেলে তিনি আমাকে হুমকি দিয়ে বলে আমার স্বামী উপজেলা শিক্ষা অফিসার। আপনি আমার কিছুই করতে পারবেন না। এসময় তিনি হুমকি দিয়ে বলেন, কিছু দিনের মধ্যেই আমি অন্যত্র চলে যাব। তাই আমি ইচ্ছামত যাকে খুশি তাকে মারব।
ঘটনার বিষযে অভিযুক্ত শিক্ষিকা নন্দিতা রাণীর সঙ্গে মুঠোফেনে কথা হলে তিনি প্রথমে অস্বীকার করে বলেন, মারধরের কোন ঘটনা ঘটেনি। পরে তিনি বলেন, ৫ম শ্রেণীর এক শিক্ষার্থীকে বিয়াদবি করার জন্য একটা থাপ্পড় মেরে ছিলাম। পরবতির্তে বিষয়টি নিয়ে তার অভিভাবকের সঙ্গে কথা বলে শিক্ষা অফিসে মিটমাট হয়েছে। এবং তাকে কিছু টাকা দেওয়া হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসরিন নাহার জানান, মারধরের ঘটনা ঘটেছে। আমি ক্লাস রুমে গিয়ে দেখি ওই বাচ্চা কান্না-কাটি করছে। পরে বাচ্চাটিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। এসময় তিনি বলেন, নন্দিতা ম্যাডামের বিরুদ্ধে অভিযোগের কোন শেষ

নেই। তিনি আমার সঙ্গেও খারাপ আচরণ করেন। এমনকি বিদ্যালয়ের অন্য দুই শিক্ষিকা রেশমা খাতুন ও সোনিয়া খাতুনের সঙ্গে তার কথা হয়না।

বিদ্যালয়ের সভাপতি সামছুন্নাহার বলেন, শিক্ষার্থীকে মারপিটের ঘটনায় বিষয়টি মীমাংশা করা হয়েছে। ক্ষতিপূরণের বিষয়ে জানতে চায়লে তিনি বলেন, ঐটা কি আপনার জানতে হবে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অসিত বরণ পাল জানান, ঘটনাটি শুনে আমি ঘটনাস্থলে গিয়েছিলাম। বিষযটি মীমাংশা করা হয়েছে। এসময় তিনি বলেন,অভিযুক্ত শিক্ষিকার বিরুদ্ধে যথেষ্ট প্রমান না থাকায় ব্যবস্থা নেওয়া হয়নি।

কোটচাঁদপুরে জাতীয় বিজ্ঞান মেলার উদ্বোধন

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের সহযোগিতায় ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪৩ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে রবিবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, উপজেলা কৃষি অফিসার মহাসিন আলী, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মডেল বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ ইসাহক আলী প্রমূখ।

এসময় উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের

শিক্ষক শিক্ষার্থী, সাংবদিক সহ নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন। ৩ দিন ব্যাপী মেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ গ্রহন করেন।

ঝিনাইদহে শিকারীদের হাত থেকে উদ্ধার করা পাখি অবমুক্ত

ঝিনাইদহে শিকারের সময় চোরা শিকারীদের হাত থেকে উদ্ধার হওয়া ৩০টি বিলুপ্ত প্রায় পাখি অবমুক্ত করা হয়েছে। রোববার দুপুরে সদর উপজেলার রামনগর গ্রামের মাঠে পাখিগুলো অবমুক্ত করা হয়।

সেসময় বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট বেনাপোল ইনচার্জ জাহাঙ্গীর আলম, ঢাকা ইউনিটের সদস্য জাহিদুল ইসলাম, পরিবেশবিদ জহির রায়হান ও তপু রায়হান উপস্থিত ছিলেন।

পরিবেশবিদ জহির রায়হান শনিবার গভীর রাতে কুমড়াবাড়িয়া ইউনিয়নের কাটিয়ারবিলে চোরা শিকারীরা পাখি শিকার করছে এমন খবরে এলাকাবাসীর সহযোগিতায় জালসহ কাদাখোচা, জলময়ুরসহ ৩টি প্রজাতির ৫৮টি পাখি উদ্ধার করা হয়।

এর মধ্যে জালে জড়িয়ে ২৮ টি মারা গেলে ৩০টি পাখি অবমুক্ত করা হয়। সেই সাথে জব্দ করা জাল পুড়িয়ে দেওয়া হয়।

হরিণাকুন্ডুতে হারভেস্টারের সঙ্গে মটরসাইকেলের মুখোমুখি

সংঘর্ষে নিহত-১

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার শাখারীদহ এলাকায় গম কাটা হারভেষ্টার ও মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে কামরুল ইসলাম (৩৮) নামে এক ব্যবসায়ী নিহত হয়েছেন।

রোববার দুপুর ২টার দিকে শাখারীদহ এলাকার দৌলতপুর মাদ্রাসার কাছে এ ঘটনা ঘটে। তিনি হরিণাকুন্ডু শহরের হাসপাতাল মোড়ের বাসিন্দা।

দুর্ঘটনায় একই উপজেলার মান্দারতলা গ্রামের আব্দুল খালেকের ছেলে সাজেদুল ইসলাম মানু গুরুতর আহত হন। তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে মুমুর্ষ অবস্থায় ভর্তি করা হয়েছে।

হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, রোববার বেলা দুইটার দিকে শাখারীদহ এলাকার দৌলতপুর মাদ্রাসার কছে একটি গম কাটা হারভেস্টার মাঠ থেকে রাস্তায় উঠছিল।

এ সময় দ্রুতগামী মটরসাইকেলের সঙ্গে দুইটি যানের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই কামরুল নিহত ও সাজেদুল ইসলাম গুরুতর আহত হন। এ ঘটনায় এখনো কোন মামলা হয়নি। হারভেস্টারের চালক পলাতক রয়েছে।

ঝিনাইদহে আলোচিত আবন হত্যা মামলার পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহের আলোচিত আবন হত্যা মামলার একজন পলাতক আসামীকে সদর উপজেলার হাটগোপালপুর বাজার এলাকা থেকে গ্রেপ্তার করেছে র্যাব।

রবিবার র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানান র্যাবের একটি আভিযানিক দল গোপন তথ্যের ভিত্তিতে আবন হত্যাকান্ডের অন্যতম পলাতক আসামী তারিক মন্ডল এর অবস্থান নিশ্চিত করে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি রবিবার রাত সাড়ে তিনটার

সময় ঝিনাইদহ জেলার সদর থানাধীন হাটগোপালপুর এলাকা থেকে এই চাঞ্চল্যকর হত্যা মামলার এজাহার ভূক্ত অন্যতম পলাতক আসামী মো: তারিক মন্ডল (২৮) কে গ্রেপ্তার করে।

সে পৌরসভার খাজুরা স্কুলপাড়ার নিয়ামত মন্ডলের ছেলে। গ্রেপ্তারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত ঘটনার সাথে তাদের সম্পৃক্ততার কথা স্বীকার করেছেন।

এছাড়া বিজ্ঞপ্তিতে আরও বলা হয় এই নৃশংস আবন হত্যা মামলায় অন্যান্য আসামী ও তার সহযোগীদের গ্রেফতারের লক্ষ্যে র্যাবের অভিযান অব্যাহত আছে।

উল্লেখ্য যে, গত ১৩ই মার্চ ঝিনাইদহ জেলার সদর থানার খাজুরা হিন্দু পাড়া এলাকায় দুই বছর পুর্বের হত্যার জের ধরে আবন মন্ডল
(৪৮) কে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে।

দীর্ঘ দুই বছর পুর্বে একই এলাকার প্রতিপক্ষের এক জনকে এই আবন মন্ডল হত্যা করেন, বলে জানা যায়। তারই জের ধরে এলাকার গোলাম বারীর ছেলে রিপন হত্যা মামলার প্রধান আসামি আবন মন্ডলকে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে।

আবন প্রতিদিনের মতই নিজ কর্মস্থলের কাজ শেষ করে মোটরসাইকলে যোগে বাড়ি ফিরছিল। এসময় পূর্ব থেকে ওঁৎ পেতে থাকা প্রতিপক্ষ আসামীরা মোটর সাইকেলের গতিরোধ করে প্রকাশ্য দিবালোকে আবনকে কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়।

এ বিষয়ে তার ছেলে মো: শাহীন হোসেন বাদী হয়ে ১৩ মার্চ ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।
গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

কোটচাঁদপুরে নানা আয়োজনে

স্বাধীনতা ও জাতীয় দিবস পালিত

২৬ মার্চ বাঙ্গালীর জাতীয় জীবনে এক ঐতিহাসিক ও গৌরবের দিন। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের এ অবিস্মরনীয় দিনে সশ্রদ্ধচিত্তে স্মরণ করছে জাতি।

দিনটি যথাযথ মর্যাদার সাথে উদ্যাপন করার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নানা কর্মসূচি পালন করা হয়। শনিবার দিবসের প্রথম প্রহরে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে মাঠ প্রাঙ্গনে একত্রিশবার তোপধ্বনির মধ্যে দিয়ে দিবসটির সূচনা করা হয়।

পরে কোটচাঁদপুর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এতে উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, থানা পুলিশ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ও পৌর আওয়ামী লীগ এবং অঙ্গ সংগঠন , উপজেলা ও পৌর বিএনপি সহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক, সাংস্কৃতিক, সাংবাদিক সংগঠন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করেন।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে সকাল ৮টায় স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠ প্রাঙ্গনে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ থেকে কুচকাওয়াজ ও সালাম গ্রহন করা হয়।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে বিদ্যালয় ভবন মিলনায়তনে স্বাধীনতার বীর মুক্তিযোদ্ধা যুদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি মহান স্বাধীনতায় অগ্রণী ভূমিকা রাখায় বীর মুক্তিযোদ্ধা, যোদ্ধাহত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের হাতে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন।

সন্ধায় উপজেলা পরিষদ প্রাঙ্গনে মনোজ্ঞ সাং◌াস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন,উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

হরিণাকুণ্ডুতে মৎস্য জলাশয় রক্ষার দাবীতে মানববন্ধন

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে বাঁওড় ও মৎস্য জলাশয় রক্ষার দাবীতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে এলাকার মৎস্যজীবী ও সাধারণ মানুষ। শনিবার সকাল ১১টায় উপজেলার সোনাতনপুর বাঁওড়ের বাধের উপর এই কর্মসূচি পালন করা হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন বাঁওড় রক্ষা কমিটির সভাপতি ৪নং দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগ নেতা আবু বকর সিদ্দিক, সাধারণ সম্পাদক এলেম মন্ডল। এছাড়াও মৎস্যজীবী সমিতির সদস্য রবীন হালদার, অবনীশ হালদার, সুকুমার হালদার, স্বপন হালদারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে উপস্থিত মৎস্যজীবীরা ব

লেন, নবগঙ্গা নদীর হরিনাকুন্ডু এলাকার ভুইয়াপাড়া গ্রামের মোড় থেকে ভেড়াখালী গ্রামের পাশ দিয়ে ইউ আকৃতির বাকে পানি প্রবাহ বাধা প্রাপ্ত হওয়ায় পানি উন্নয়ন বোর্ড ১৯৮১ সালে ৮শ মিটার নতুন নদী খনন করে এই ইউ আকৃতি অংশে

র মাথায় একটি বাঁধ দিয়ে দেয়। যার ফলে নদীর এই অংশ মরা খালে পরিনত হয়। বাধ দেওয়া এ্ই ইউ অংশের ৫ কি.মি এর মধ্যে ২.৫০ কি.মি. সংস্কার করে ১৯৯২-৯৩ সালে এলাকার মৎস্যজীবীরা সরকারের সহযোগীতায় মাছ চাষ করে। পরিত্যক্ত এই ২.৫ কিমি দীর্ঘ নদীর জলাকারের পরিমাণ ৪২ একর। এখানে মাছ চাষ করে প্রায় ১০০টির অধিক

পরিবার তাদের জীবিকা নির্বাহ কেও এবং সরকার প্রতি বছর এই প্রকল্প থেকে ৬ লক্ষ টাকার রাজস্ব পায়।

একটি বিশেষ মহল উন্নয়নশীল এই প্রকল্পটি বন্ধ করে উন্মুক্ত করে দেয়ার পায়তারা চালাচ্ছে। তারই প্রতিবাদে মানববন্ধন করেছে মৎস্যজীবীরা। মৎস্যচাষের উপযোগী এই জলাশয় টি পুন:রায় উন্মুক্ত করে দিলে ১০০টির অধিক মৎস্যজীবী পরিবার কাজ হারিয়ে যেমন রাস্তায় বসবে, তেমনি সরকার প্রতি বছর এই বাওড় ও জলাশয় থেকে ৬লাখ টাকার অধিক রাজস্ব হারাবে। বিষয়টি বিবেচনার জন্য কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।

কোটচাঁদপুরে গণহত্যা দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় গণহত্যা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন।

তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার মহাসিন আলী, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী তামান্না মারজান প্রমূখ।

বক্তারা বলেন, ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে বুদ্ধিজীবি,সাংবদিক সহ প্রায় ১ লক্ষ মানুষকে হত্যা করা হয়। পৃথিবীর ইতিহাসে এতো বড় নারকীয় গণহত্যা কোন দেশে হয়নি।

সে দিনের নিষ্ঠুরতার কাহিনী স্মরণ করে আজও অনেকে আঁতকে ওঠেন। এসময় উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষার্থী, সাংবদিক এবং নানা শ্রেণী-পেশার মানুষ উপস্থিত ছিলেন।